



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

মনিটারিং পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি সার্কুলার নং-০১

তারিখ: জুন ২৩, ২০১৪  
আষাঢ় ০৯, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণ প্রসঙ্গে

ডিসেম্বর ০১, ২০১০ তারিখের এমপিডি সার্কুলার নং ০৪ মোতাবেক বর্তমানে বাংলাদেশের সব তফসিলি ব্যাংক (শরীয়াহ ভিত্তিক ব্যাংকসহ) -কে তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ৬.০ (ছয়) শতাংশ দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে এবং ন্যূনতম ৫.৫ (সাড়ে পাঁচ) শতাংশ দৈনিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে নগদ জমা হিসেবে সংরক্ষণ করতে হয়।

মুদানীতির উদ্দেশ্য পূরণকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জুন ২৪, ২০১৪ তারিখ হতে উল্লিখিত নগদ জমা সংরক্ষণের হার দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে ৬.৫ (সাড়ে ছয়) শতাংশ এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৬.০ (ছয়) শতাংশ হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মুসাররাত জাহান)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৬৪১১৯



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

মনিটারি পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি-১১৬/২০১৪-৮৫৩

তারিখ: জুন ২৩, ২০১৪  
আষাঢ় ০৯, ১৪২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ ব্যাংক আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের আদেশ নং- ১২৭) এর ৩৬(১) ধারা অনুসারে বাংলাদেশে অনুমতি প্রাপ্ত সব তফসিলি ব্যাংক (শরীয়াহ ভিত্তিক ব্যাংকসহ) কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ জমা রাখিবার যে বিধান রহিয়াছে উহার পরিমাণ অত্র আদেশে প্রদত্ত ক্ষমতা বলে ৬.০ (ছয়) শতাংশ হইতে বৃদ্ধি করিয়া ৬.৫ (সাড়ে ছয়) শতাংশে নির্ধারণ করা হইল।

০২। এই আদেশ জুন ২৪, ২০১৪ তারিখ হইতে কার্যকর হইবে।

(সিতাংশু কুমার সুর চৌধুরী)  
ডেপুটি গভর্নর